যুগান্তর

তারিখ ... APR. 30 2002
পৃষ্ঠা ... কলাম ...

# মালয়েশিয়ায় ধর্মীয় শিক্ষার ছাত্রদের জন্য ধর্মনিরপেক্ষ বিষয় বাধ্যতামূলক হচ্ছে

এএফপি, কুয়ালালামপুর

মালয়েশিয়া আধুনিক বিশ্বের সঙ্গে খাপ খাইয়ে নেয়ার জন্য ধর্মীয় শিক্ষার সব শিক্ষার্থীর ক্ষেত্রে অন্তত একটি ধর্মনিরপেক্ষ বিষয় অধ্যয়নের বিষয়টি বাধ্যতামূলক করবে। সোমবার রিপোর্টে এ কথা জানা গেছে।

উপ-প্রধানমন্ত্রী আবদুল্লাহ আহমদ বাদাওয়িকে উদ্ধৃত করে মালয় ভাষার পত্রিকা বারিতা হারিয়ান জানায়, মন্ত্রিসভা ধর্মীয় শিক্ষার্থীদের ক্ষেত্রে অন্যান্য বিষয়ের সঙ্গে ধর্মনিরপেক্ষ একটি বিষয় অধ্যয়নের প্রস্তাব অনুমোদন করেছে।

আবদুল্লাহ আরও বলেন, যে সব বিষয় অনুমোদিত হয়েছে তাহলো বিজ্ঞান, সামাজিকবিজ্ঞান, আইন, হিসাবরক্ষণ ও অর্থনীতি এবং মান্দারিন অথবা ইউরোপীয় ভাষা।